

# Meeting of Prime Minister with Chancellor of the Federal Republic of Germany on the sidelines of G-7 Summit

June 27, 2022

## জি-৭ শিখর সম্মেলনের ফাঁকে জার্মানীর চ্যান্সেলারের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

জুন 27, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জার্মানীর শ্‌ক্‌স এলমাউতে জি-৭ শিখর সম্মেলনের ফাঁকে সের্দেশের চ্যান্সেলার শ্রী ওলাফ স্কোলজ-এর সঙ্গে ২০২২এর ২৭ জুন সাক্ষাৎ করেন।

২. চলতি বছরে দুই নেতা এই নিয়ে দ্বিতীয়বার সাক্ষাৎ করলেন। এর আগে গত দোসরা মে ভারত-জার্মানী আন্তঃসরকারি আলোচনার জন্য প্রধানমন্ত্রীর বার্লিন সফরের সময় তাঁদের সাক্ষাৎ হয়। জি-৭ শিখর সম্মেলনে আমন্ত্রণ জানানোর জন্য চ্যান্সেলার স্কোলজকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী।

৩. এর আগের মাসে হওয়া আলোচনাকে এগিয়ে নিয়ে উভয়ে সবুজ ও সুস্থায়ী উন্নয়নের অংশীদারিত্ব আরও এগিয়ে নেওয়ার বিষয়ে জোর দেন। জলবায়ু বিষয়ক কাজকর্ম, জলবায়ু সমস্যা মোকাবিলায় অর্থ বরাদ্দ সহ বিভিন্ন বিষয়ে তাঁদের মধ্যে কথা হয়। দুই দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ এবং মানুষে মানুষে যোগাযোগ আরও নিবিড় করার বিষয়ে সম্মত হন উভয় নেতা।

৪. বৈঠকে আন্তর্জাতিক সংস্থার মধ্যে সমন্বয়, বিশেষ করে আগামী জি-২০ সম্মেলনে ভারতের পৌরোহিত্য করার বিষয়টি নিয়েও আলোচনা হয়। দুই নেতা আঞ্চলিক ও আন্তর্জাতিক নানান বিষয়েও আলাপ-আলোচনা করেন।

ব্লোস এলমাউ

জুন 27, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.